**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৫৪/২০১৯-২০২০**
**ঢাকা ২৮ জানুয়ারি মঙ্গলবার ২০২০, ১৪ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। বিশ্ববিদ্যালয় মূলত জ্ঞানচর্চা মুক্তচিন্তা আর মানবিক মূল্যবোধ বিকাশের ক্ষেত্র : কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি
২। শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনে নিবন্ধন বাধ্যতামূলক হচ্ছে
লক্ষীপুর ও বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইনের খসড়ায় নীতিগত অনুমোদন মন্ত্রিসভায়
গণতন্ত্র সূচকে এগিয়ে থাকায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন
৩। করোনাভাইরাস নিয়ে সতর্ক থাকুন : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী
চীনে আটকা পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
৪। বিডিএফ সম্মেলন শুরু আগামীকাল : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীকে সরস্বতী পূজার নিমন্ত্রণ : পূজার সার্বিক খোঁজখবর নেন প্রধানমন্ত্রী
৬। বাল্যবিবাহ রোধে কাজ চলছে : জাতিসংঘের ওমেন কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ এর সঙ্গে সৌজন্য সাক্ষাতে স্পিকার
৭। নির্বাচন নিয়ে বিদেশিদের কাছে নালিশ করাও একধরনের আচরণবিধি লঙ্ঘন : তথ্যমন্ত্রী
৮। এমপিওভুক্তির তালিকা থেকে বিতর্কিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী
৯। পুরান ঢাকার পুনঃউন্নয়নে সাত স্থান নির্ধারণ : সংসদে গণপূর্তমন্ত্রী
১০। এ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধীদের মাথাপিছু মাসিক ভাতা ৭৫০ টাকা : সংসদে সমাজকল্যাণমন্ত্রী
১১। চতুর্থ শিল্প বিপ্লবের সফল অংশীদার হতে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী
১২। আগ্রহী বাংলাদেশিদের চীন থেকে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে : ফেইসবুক পোস্টে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৩। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড রয়েছে : সিইসি
১৪। ঢাকা সিটি নির্বাচন উপলক্ষে ১ ফেব্রুয়ারি সাধারণ ছুটি ঘোষণা
১৫। শিল্পপ্রতিষ্ঠানের জমির নামজারি ৭ দিনেই : ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র

চলমান-২

**১। বিশ্ববিদ্যালয় মূলত জ্ঞানচর্চা মুক্তচিন্তা আর মানবিক মূল্যবোধ বিকাশের ক্ষেত্র : কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বিশ্ববিদ্যালয় হচ্ছে মূলত জ্ঞানচর্চা, মুক্তচিন্তা আর মানবিক মূল্যবোধ বিকাশের ক্ষেত্র। এ লক্ষ্য বাস্তবায়নে সাধারণ শিক্ষার পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তিকে অগ্রাধিকার দিয়ে নতুন নতুন জ্ঞানের ক্ষেত্র ও সে বিষয়ে কার্যকর, প্রাসঙ্গিক ও ব্যবহারিক কার্যক্রম প্রণয়ন করতে হবে। পাঠদানের পাশাপাশি গুণমানসম্পন্ন গবেষণার মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীরা যাতে বাংলাদেশের সম্পদ ও সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের অগ্রযাত্রায় শামিল হতে পারে তার উদ্যোগ নিতে হবে। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। **সূত্র- ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**২। শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনে নিবন্ধন বাধ্যতামূলক হচ্ছে লক্ষীপুর ও বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইনের খসড়ায় নীতিগত অনুমোদন মন্ত্রিসভায় গণতন্ত্র সূচকে এগিয়ে থাকায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন**

শিশু নির্যাতন কেন্দ্র (ডে-কেয়ার সেন্টার) স্থাপনে নিবন্ধন বাধ্যতামূলক করা হচ্ছে। পাশাপাশি শিশুদের নিরাপত্তার ঘাটতিতে সর্বোচ্চ ১০ লাখ টাকা জরিমানার বিধান রেখে একটি আইনের খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া মন্ত্রিসভা লক্ষ্মীপুর ও বগুড়ায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করার লক্ষ্যে 'লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন- ২০' ও 'বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০' এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এছাড়া, গণতন্ত্র সূচকে বাংলাদেশের উন্নতি হওয়ায় মন্ত্রিসভায় অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮),**সমকাল** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৮)।

**৩। করোনাভাইরাস নিয়ে সতর্ক থাকুন : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী চীনে আটকা পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী**

চীন থেকে করোনাভাইরাস কোনোভাবেই যেন বাংলাদেশে আসতে না পারে, সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ নির্দেশনা দেন তিনি। প্রধানমন্ত্রী বলেছেন, চীন হয়ে যারা দেশে আসছেন, তাদেরও বিশেষভাবে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। চীনে আটকা পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার নির্দেশও দিয়েছেন প্রধানমন্ত্রী। সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৪। বিডিএফ সম্মেলন শুরু আগামীকাল : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

উন্নয়ন সহযোগীদের সঙ্গে কার্যকর এবং ঘনিষ্ঠ অংশীদারিত্ব চায় সরকার। এ উদ্দেশ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য বা এসডিজি অর্জনে আগামী অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নে উন্নয়ন সহযোগীদের পরামর্শ এবং আর্থিক প্রতিশ্রুতি চাওয়া হবে। এ লক্ষ্য নিয়ে বাংলাদেশ উন্নয়ন ফোরামের (বিডিএফ) এবারের সম্মেলন আয়োজন করছে সরকার। আগামীকাল ২৯ জানুয়ারি বুধবার ঢাকায় দু'দিনের এ সম্মেলন শুরু হচ্ছে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.২)।

**৫। প্রধানমন্ত্রীকে সরস্বতী পূজার নিমন্ত্রণ : পূজার সার্বিক খোঁজখবর নেন প্রধানমন্ত্রী**

সরস্বতী পূজার নিমন্ত্রণ পেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) গণভবনে নিমন্ত্রণ কার্ড পৌঁছে দেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ও জগন্নাথ হল সংসদের নেতারা। এ সময় পূজার সার্বিক খোঁজখবরও নেন প্রধানমন্ত্রী। **সূত্র-সংবাদ** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

**৬। বাল্যবিবাহ রোধে কাজ চলছে : জাতিসংঘের ওমেন কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ এর সঙ্গে সৌজন্য সাক্ষাতে স্পিকার**

বাল্যবিবাহ প্রতিরোধে সংসদ সদস্যরা নিজ নিজ নির্বাচনি এলাকায় কাজ করে যাচ্ছেন বলে জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) জাতিসংঘের ওমেন কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ শকো ইশিকাওয়া'র সঙ্গে সৌজন্য সাক্ষাতের সময় তিনি একথা বলেন। স্পিকার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের নারীরা এগিয়ে যাচ্ছে। পাশাপাশি মানবসম্পদের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন তিনি। **সূত্র- সংবাদ** (পৃ.২,ক.৪)।

**৭।	নির্বাচন নিয়ে বিদেশিদের কাছে নালিশ করাও একধরনের আচরণবিধি লঙ্ঘন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, নির্বাচন নিয়ে বিদেশিদের কাছে নালিশ করাও একধরনের নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন। একই সঙ্গে উসকানিমূলক স্লোগান দেওয়া একধরনের নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৮।	এমপিওভুক্তির তালিকা  থেকে বিতর্কিত শিক্ষাপ্রতিষ্ঠানের নাম পরিবর্তন করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী**

এমপিওভুক্তির জন্য যেসব শিক্ষাপ্রতিষ্ঠান গত বছর তালিকাভুক্ত হয়েছে এবং তার মধ্যে যে কয়েকটি প্রতিষ্ঠানের নামের সঙ্গে বিতর্কিত কিংবা স্বাধীনতাবিরোধী কোনো ব্যক্তির নামের সম্পৃক্ততা রয়েছে বলে যে অভিযোগ উত্থাপিত হয়েছে, সে সকল প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গতকাল (২৭ জানুয়ারি  সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.১)।

**৯।	পুরান ঢাকার পুনঃউন্নয়নে সাত স্থান নির্ধারণ : সংসদে গণপূর্তমন্ত্রী**

পুরান ঢাকার পুনঃউন্নয়নে সাতটি স্থান নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) জাতীয় সংসদের প্রশ্নোত্তরে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, পুরান ঢাকার নাগরিক সমস্যা সমাধানে নগর পুনঃউন্নয়ন প্রকল্প গ্রহণের পদক্ষেপ নিয়েছে রাজউক। এ-সংক্রান্ত কার্যক্রম চলমান। ইতোমধ্যে হাজারীবাগ ট্যানারি এলাকাকে একটি মিশ্র এলাকা হিসেবে গড়ে তুলতে কর্মপরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। নগর পুনঃউন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য প্রাথমিকভাবে পুরান ঢাকার ইসলামবাগ, চকবাজার, মৌলভীবাজার, বংশাল, হাজারীবাগ, কামরাঙ্গীরচর ও লালবাগে সাতটি সম্ভাব্য স্থান নির্ধারণ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০।	এ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধীদের মাথাপিছু মাসিক ভাতা ৭৫০ টাকা : সংসদে সমাজকল্যাণমন্ত্রী**

সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ বলেন, ২০১৯-২০২০ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রমে মাথাপিছু মাসিক ৭৫০ টাকা হিসেবে ১৫ লাখ ৪৫ হাজার জনকে এক হাজার ৩৯০ কোটি ৫০ লাখ টাকা দেওয়া হচ্ছে। এ অর্থবছরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রমে চারটি স্তরে উপকারভোগীর সংখ্যা এক লাখ এবং বরাদ্দের পরিমাণ ৯৫ কোটি ৬৪ লাখ টাকা। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১।	চতুর্থ শিল্প বিপ্লবের সফল অংশীদার হতে কাজ করতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, আমাদের একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় ৪র্থ শিল্প বিপ্লবের সফল অংশীদার হতে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রণীত রূপকল্প ২০৪১ বাস্তবায়নে কাজ করতে হবে। পাশাপাশি আন্তর্জাতিক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি ২০৩০) অর্জনে শিক্ষার্থীদের তৈরি করতে চাই।  গতকাল (২৭ জানুয়ারি সোমবার) মিলিটারি ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইএসটি'র) এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। **সূত্র- সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

**১২।	আগ্রহী বাংলাদেশিদের চীন থেকে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে : ফেইসবুক পোস্টে পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের যেসব নাগরিক চীন থেকে ফেরত আসতে চাইবেন, তাদের ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) এক ফেইসবুক পোস্টে তিনি এ কথা জানান। চীন সরকারের সঙ্গে এ বিষয়ে আলোচনা শুরু হয়েছে জানিয়ে তিনি লেখেন, কী প্রক্রিয়ায় এটি করা হবে, তা বাস্তবতার নিরিখে স্থানীয় প্রশাসনের সঙ্গে সম্মতির ভিত্তিতে করা হবে। চীন থেকে দেশে ফিরতে আগ্রহীদের তালিকা করতে একটি প্রাথমিক নির্দেশনা জারি করা হবে বলে জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**১৩। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন** নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড রয়েছে **:** সিইসি

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে লেবেল প্লেয়িং ফিল্ড রয়েছে বলে দাবি করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদা। তিনি বলেন, দু-একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ছাড়া ঢাকার দুই সিটির নির্বাচনের পরিবেশ কমিশনের নিয়ন্ত্রণে আছে। নির্বাচনের পরিবেশ নিয়ন্ত্রণের বাইরে যায়নি। কোথাও কোথাও সামান্য ঘটনা ঘটেছে- সেটা ধর্তব্য নয়। ভোটের দিন আইনশৃঙ্খলা অবনতির আশঙ্কা নেই বলেও দাবি করেন তিনি। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) টিকাটুলিতে এক প্রশিক্ষণ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সিইসি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১৪। ঢাকা সিটি নির্বাচন উপলক্ষে ১ ফেব্রুয়ারি সাধারণ ছুটি ঘোষণা**

ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচন উপলক্ষে আগামী ১ ফেব্রুয়ারি ঢাকায় সাধারণ ছুটি ঘোষণা করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। **সূত্র-সংবাদ** (পৃ.২,ক.৭), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**১৫। শিল্পপ্রতিষ্ঠানের জমির নামজারি ৭ দিনেই : ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র**

দেশি-বিদেশি বিভিন্ন বিনিয়োগকারীকে উৎসাহ দিতে এখন থেকে মাত্র সাত দিনেই শিল্পপ্রতিষ্ঠানের জমির নামজারি করা হবে। ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলার আওতাধীন বিদ্যমান সব গুরুত্বপূর্ণ শিল্পপ্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি, রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠান এ সুবিধা পাবে। গতকাল (২৭ জানুয়ারি সোমবার) এ সম্পর্কিত একটি পরিপত্র জারি করেছে ভূমি মন্ত্রণালয়। **সূত্র- ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সারাদেশে মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হওয়াকে ইতিবাচক উল্লেখ করে এতে শৈশব থেকে গণতন্ত্রের চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া শেখাবে বলে মতপ্রকাশ।

**খ.** **জনকণ্ঠ :** সরকারের নানামুখী আন্তরিক উদ্যোগ সত্ত্বেও নিত্যপণ্যের বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকছেনা উল্লেখ করে এর জন্য দায়ী অসাধু ব্যবসায়ী, আমদানিকারক, আড়তদারসহ পাইকারি ও খুচরা বিক্রেতাদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **সমকাল :** রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে অগ্নিদগ্ধ রোগীদের চিকিৎসার অপ্রতুলতার কথা উল্লেখ করে দেশের সব জেলায় সরকারি হাসপাতালে বার্ন ইউনিটের চিকিৎসক সংকট দূর করাসহ সুচিকিৎসার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা** : নির্মাণ ত্রুটিতে দেশের সড়ক-মহাসড়কের এবড়ো থেবড়ো অবস্থা বিরাজ করছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন** : দেশে মানব পাচার পরিস্থিতি উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে উল্লেখ করে বিদ্যমান পরিস্থিতি থেকে উত্তরণে কার্যকর উদ্যোগ গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

চ. **ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট :** বিশ্বব্যাপী প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গেছে উল্লেখ করে করোনাভাইরাস সম্পর্কে দেশবাসীকে সচেতন করার পাশাপাশি এ রোগ প্রতিরোধ ও চিকিৎসায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট**: দখল-দূষণের কবলে থাকা সারাদেশের নদীগুলো সুরক্ষায় যথাযথ পদক্ষেপ কামনা।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সামাজিক অবক্ষয়ের চরম মাত্রা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিক্ষাব্যবস্থার প্রাথমিক স্তর থেকেই যেন নৈতিকতা এবং সামাজিক অনুশাসন মেনে চলার ওপর গুরুত্বারোপ করা হয় সেদিকে সুদৃষ্টি দিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা